তারিখ ... 27 DEC 1990 ...
পৃষ্ঠা ... ৩২ ... কলাম ... ৩ ...

# দৈনিক ইত্তেফাক

46

## আতাউর রহমান খানের বিবৃতি

প্রবীণ রাজনীতিবিদ আতাউর রহমান খান গতকাল (বুধবার) এক বিবৃতিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি'র ভূমিকার নিন্দা এবং অবিলম্বে তাহাকে অপসারণ করিয়া একজন নিরপেক্ষ ব্যক্তিকে ভাইস চ্যান্সেলরের পদে নিয়োগের দাবী জানাইয়াছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভাঙচুর, অগ্নিসংযোগ ও লুটতরাজের ঘটনার নিন্দা করিয়া তিনি বলেন, বর্তমান ভিসি ক্ষমতায় থাকার জন্য বিশ্ববিদ্যালয়ে সংঘাত-সংঘর্ষ সৃষ্টি করিয়া যেভাবে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করিয়াছেন তাহা সমস্যা সমাধানের কোন পথ নহে।